

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৪

ডিসেম্বর ০৭, ২০১০  
তারিখ : -----  
অগ্রহায়ণ ২৩, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

ঋণের সুদ হিসাবায়ন ও সুদ হার নির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-২৭/২০১০ ও ৩০/২০১০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলারদ্বয়ের কতিপয় নির্দেশনা পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

(ক) বিআরপিডি সার্কুলার নং-২৭/২০১০ এর ৪নং ক্রমিক নিম্নরূপভাবে প্রতিস্থাপিত হবে :

“স্থায়ী মেয়াদী ঋণ হিসাবে দৈনিক বকেয়া স্থিতির প্রডাক্ট এর ভিত্তিতে সুদ হিসাবায়ন করা যাবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সুদ চার্জ করতে হবে।”

(খ) উপরোক্ত বিআরপিডি সার্কুলার নং-২৭/২০১০ এর ১০নং ক্রমিকে বর্ণিত দশ সুদ সংক্রান্ত নির্দেশনা প্রত্যাহার করা হলো।

(গ) বিআরপিডি সার্কুলার নং-০৭/২০০৪ এর মাধ্যমে জারীকৃত Prudential Guidelines for Consumer Financing and Small Enterprise Financing এ নির্দেশিত ঋণ হিসাবসমূহে Equal Monthly Installment (EMI) অনুযায়ী ঋণ পরিশোধিত হবে। এ ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-২৭/২০১০ এর নির্দেশনা প্রযোজ্য হবে না।

(ঘ) বিআরপিডি সার্কুলার নং-৩০/২০১০ এর নির্দেশনা অনুযায়ী কোন ধরনের ঋণের সুদ/মুনাফা হারের সাথে সুদের বিকল্প হিসাবে অতিরিক্ত কোন সার্ভিস চার্জ এবং সিডিউল অব চার্জেস এ আদায়যোগ্য চার্জ ব্যতীত কোন চার্জ আদায় করা যাবে না।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত  
(কে.এম. আব্দুল ওয়াদুদ)  
মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত)  
ফোন: ৭১১৭৮২৫